# আপনি নিজের বা সন্তানের জন্য স্টুডেন্ট লোন নেওয়ার আগে

**আপনি আপনার উচ্চশিক্ষার জন্য কীভাবে *এখন* অর্থায়ন করছেন তা পরবর্তী বছরগুলিতে আপনাকে আর্থিকভাবে প্রভাবিত করতে পারে। নিজের অর্থায়নের সিদ্ধান্তগুলি নেওয়ার সময় এই পরামর্শগুলি কাজে লাগান।**

## আপনি যখন স্কুলে যাওয়ার পরিকল্পনা করবেন তখন প্রতি বছর ফ্রী অ্যাপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড (Free Application for Federal Student Aid, FAFSA) সম্পূর্ণ করুন।

FAFSA নির্ধারণ করে যে পেল গ্র্যান্টস এবং নিউ ইয়র্ক স্টেট টিউশন অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামসহ (Tuition Assistance Program, TAP) আপনি কোনো কোন ফেডারেল, স্টেট এবং স্কুল সহায়তা প্রোগ্রাম এবং স্টুডেন্ট লোনগুলি পাওয়ার যোগ্য। কিছু প্রোগ্রাম, যেমন **মঞ্জুরী**, কলেজের খরচা হিসাবে অর্থ দেয় যা আপনাকে পরে পরিশোধ করতে হয়। **ঋণগুলি**, অপরপক্ষে, আপনাকে সুদসহ পরিশোধ করতে হয়। studentaid.gov/h/apply-for-aid/fafsa-তে যান।

***গুরুত্বপূর্ণ:*** বেসরকারী মহাজন বা ঋণদাতাদের কাছে যাওয়ার আগে সর্বদাই ফেডারেল সহায়তা এবং ঋণের প্রোগ্রামগুলির কথা *বিবেচনা* করুন। ফেডারেল স্টুডেন্ট লোনে ঋণগ্রহীতা হিসাবে বেশি সুরক্ষা পাওয়া যায় এবং সচরাচর এটির সুদের হারও কম থাকে। ফেডারেল স্টুডেন্ট লোনের জন্য যোগ্য হতে আপনাকে আবশ্যিকভাবে FAFSA সম্পূর্ণ করতে হবে।

## আপনার আর্থিক সহায়তার প্রস্তাবপত্রটি যত্নসহকারে পড়ুন।

বেশিরভাগ স্কুলই আপনাকে আর্থিক সহায়তার প্রস্তাবপত্র বা তথাকথিত "অ্যাওয়ার্ড লেটার" তখনই পাঠায়—যখন তারা আপনাকে ভর্তি নিতে চায়। এই চিঠিটি মন দিয়ে পড়া জরুরী যাতে আপনি জানতে পারেন যে আপনাকে কী কী দেওয়া হচ্ছে এবং আপনার শিক্ষার জন্য আপনাকে ঠিক কতটা অর্থ দিতে হবে। এই "সহায়তার" মধ্যে প্রায়শই মঞ্জুরী, ঋণ এবং কাজ-পড়াশুনো (কলেজ বা বিশ্ববিদ্যালয়ে পড়ার সাথে সাথে আংশিক সময় কাজ করার যোগ্যতা পেয়ে আপনি যে অর্থ উপার্জন করেন) মিশে থাকে। চিঠিতে পেরেন্ট প্লাসের মত ঐচ্ছিক ঋণের বিকল্পও দেওয়া থাকতে পারে, যা আপনার বাবা-মাকে(দেরকে) পরিশোধ করতে হবে। প্রত্যেক প্রকারের ঋণের সুদ ভিন্ন এবং সেগুলির মকুব করার বিকল্পও ভিন্ন হয়ে থাকে। অন্যভাবে বলতে গেলে, কিছু ঋণ অন্যান্য ঋণগুলির থেকে ভালো।

## পেরেন্ট প্লাস ঋণের ঝুঁকিগুলি বুঝবেন।

**যদি আপনি আপনার সন্তানের হয়ে কোনো পেরেন্ট প্লাস ঋণ নিয়ে থাকেন, তাহলে ঋণটি ছাড়ার পরেই যত শীঘ্র সম্ভব আপনাকে সেটির অর্থ পরিশোধ শুরু করতে হবে যদি না আপনি স্থগিতকরণের অনুরোধ করেন।** যদি আপনি সেটি স্থগিত রাখেন তাহলে ঋণের উপর সুদ জমতে থাকবে এবং আপনি যখন অর্থ পরিশোধ শুরু করবেন তখন আপনাকে বেশি অর্থ পরিশোধ করতে হবে। যদি আপনার সন্তান যখন ভর্তি হচ্ছে তখন আপনি অর্থ পরিশোধ করতে না পারেন, তাহলে আপনার সন্তান হয়তো ক্লাসের জন্য রেজিস্টার করতে পারবে না। পেরেন্ট প্লাস ঋণগুলি অন্যান্য ফেডারেল স্টুডেন্ট লোনের মত একই উপার্জন-চালিত পরিশোধ পরিকল্পনার সাথে উপলভ্য নয়।

আপনি যদি পেরেন্ট প্লাস ঋণের জন্য আবেদন করেন, তাহলে ঋণদাতারা আপনার ঋণ পরীক্ষা করবেন। আপনার করা বা না করা যে কোনো পেমেন্ট আপনার ঋণকে প্রভাবিত করবে। পেমেন্ট দিতে ত্রুটি হলে বেতন, কর ফেরতের পরিমাণ এবং সোশ্যাল সিকিউরিটির পেমেন্ট থেকে কেটে নেওয়া হতে পারে।

আপনি আপনার পেরেন্ট প্লাস ঋণ আপনার সন্তানের কাছে স্থানান্তরিত করতে পারবেন না। এই ঋণটি পরিশোধ করা অভিভাবকদের আইনি দায়িত্বের মধ্যে পড়ে।

## আপনার কতটা ঋণ লাগবে সেই পরিমাণটি জানুন, আর কোনো মতেই তার থেকে বেশি ঋণ গ্রহণ করবেন না।

আপনার কতটা ঋণ লাগবে এবং স্নাতক হওয়ার পরে আপনি কতটা পরিশোধ করার আশা রাখছেন তা ঠিক করার জন্য বাজেট তৈরী করুন। finaid.org/calculators/loanpayments-তে গিয়ে ফিনএইড লোন ক্যালকুলেটর ব্যবহার করুন।

খুব সহজ একটি নিয়ম হল স্নাতক হওয়ার পরে আপনি প্রথম যে চাকরিটি পাবেন তাতে বার্ষিকভাবে যতটা শোধ করতে পারবেন তার বেশি ঋণ না করা। কোন কোন সময় আপনার পড়াশুনোর জন্য যতটা লাগবে ঋণদাতারা আপনাকে তার থেকেও বেশি দেওয়ার প্রস্তাব দেয়। আপনাকে যে অনেকটা পরিমাণ ঋণ গ্রহণ করতেই হবে এমন নয়। অত্যধিক ঋণ নেওয়া মানে হল আপনি দীর্ঘমেয়াদে আরও বেশি সুদ দেবেন।

## আপনি সব ফেডারেল স্টুডেন্ট লোন, কাজ-পড়াশুনো, বৃত্তি, এবং মঞ্জুরীর বিকল্পগুলি খুঁজেও কোন কিছু না পেলে শুধু তবেই বেসরকারী স্টুডেন্ট লোন নিন এবং তুলনা করুন।

একাধিক ঋণদাতার সাথে কথা বলুন এবং যে চুক্তিটি আপনার চাহিদা ভালোভাবে পূরণ করে সেটি বাছার জন্য চুক্তিগুলি তুলনা করুন। ফেডারেল স্টুডেন্ট লোনের থেকে বেসরকারী স্টুডেন্ট লোনের সুদের হার বেশি হয়ে থাকে; সেগুলির জন্য আপনি স্কুলে থাকা অবস্থাতেই পেমেন্ট করা শুরু করতে হয়; এবং এমন সুদের হার থাকতে পারে যেগুলি পরিবর্তনশীল, মানে সেগুলি সময়ের সাথে সাথে বাড়তে পারে। আপনার ক্রেডিট স্কোর উচ্চ হলে-এবং আপনি যদি একজন সহস্বাক্ষরকারী বা কোসাইনার ব্যবহার করার জন্য বেছে নেন-সুদের হার কম হবে।

*বিঃ দ্রঃ:* আপনি ঋণ পরিশোধ করতে ব্যর্থ হলে ঋণ পরিশোধ করার জন্য আপনার কোসাইনার দায়ী হবেন।

ঋণের খরচা বাড়াতে পারে এমন ফীগুলি তুলনা করুন, যা ঋণগুলিকে আরও খরচাসাধ্য করে তুলতে পারে। এছাড়াও ঋণের মেয়াদ তুলনা করুন-ঋণটি পরিশোধ করতে কত বছর সময় লাগবে। ঋণের মেয়াদ যত বেশি হবে আপনি সামগ্রিকভাবে তত বেশি অর্থ পরিশোধ করবেন।

## কখনোই এমন কিছুতে স্বাক্ষর করবেন না যা আপনি বুঝতে পারছেন না।

যদি কোনো স্কুল আপনাকে অকুস্থলেই কোনো চুক্তি বা সমঝোতায় স্বাক্ষর করতে জোরাজুরি করে, তাহলে চলে আসুন। গুরুত্বপূর্ণ ফর্মগুলি সর্বদাই ঘরে নিয়ে আসুন যাতে আপনি আরও মনোযোগ দিয়ে সেগুলি পড়তে পারেন এবং আপনি বিশ্বাস করেন এমন ব্যক্তিদের সাথে আলোচনা করতে পারেন।

## দীর্ঘমেয়াদের কথা বিবেচনা করুন।

সচরাচর একটি ব্যাচেলর্স ডিগ্রী প্রোগ্রাম শেষ করতে চার থেকে ছয় বছর লাগে, এবং ফেডারেল স্টুডেন্ট লোন থেকে আপনি কত অর্থ ঋণ নিতে পারেন তার একটি সীমা আছে। নিশ্চিত করুন যে প্রোগ্রামটি শেষ করতে যত সময় লাগবে তার পুরো মেয়াদের জন্যই আপনি যেন টিউশন ফী এবং জীবনধারণের খরচা জোগাতে পারেন। মনে রাখবেন যে আর্থিক সহায়তার অফারগুলি প্রথম বছরে উচ্চতর থাকলেও পরের বছরগুলিতে তা কমতে পারে।

যদি আপনি মনে করেন যে আপনার প্রতিকারমূলক ক্লাসের দরকার পড়তে পারে, তাহলে CUNY স্টার্টের কথা বিবেচনা করুন, যেটি কম খরচায় কলেজের প্রস্তুতির নিবিড় প্রশিক্ষণ দেয়। www1.cuny.edu/sites/cunystart-তে যান।

এছাড়াও দেখে নিন যে স্নাতক হওয়ার পরে আপনি আপনার ঋণের অর্থ শোধ করতে পারবেন কিনা। বিরল ক্ষেত্র ছাড়া, স্টুডেন্ট লোনে কিন্তু দেউলিয়ার ব্যাপারে ঋণ মকুব করা হয় না।

## অত্যধিক ঋণ না নিয়ে ফেলার ব্যাপারে সতর্ক থাকুন।

নিশ্চিত করে নিন যে আপনি যে কোনো ঋণের শর্তাবলী বুঝেছেন এবং আপনি সেই ঋণ পরিশোধ করতে পারবেন। ঠিক একই কথা আপনার অভিভাবকের ক্ষেত্রেও প্রযোজ্য, যদি তাঁরা ফেডারেল পেরেন্ট প্লাস ঋণ নেওয়ার কথা ভাবেন বা কোনো বেসরকারী স্টুডেন্ট লোন নেওয়ার ক্ষেত্রে আপনার কোসাইনার হওয়ার কথা বিবেচনা করেন। আপনি যদি সময় মত ঋণ শোধ না করতে পারেন তাহলে ঋণগুলি আপনার ক্রেডিট স্কোর কমিয়ে দিতে পারে, এবং স্টুডেন্ট লোনের ক্ষেত্রে কিন্তু সচরাচর দেউলিয়ার ব্যাপারে ঋণ মকুব করা হয় না। অপরিশোধিত স্টুডেন্ট লোনের ফলস্বরূপ ঋণদাতাদের পক্ষ থেকে আইনি পদক্ষেপ নেওয়া হতে পারে এবং সেই মোকদ্দমা সফল হলে তা আপনার বেতন বা আপনার সম্পত্তির উপর করের পূর্বস্বত্ব কেটে নেওয়ায় দাঁড়াতে পারে। অপরিশোধিত স্টুডেন্ট লোনের ফলস্বরূপ আপনার বেতন কাটার সাথে, আপনার কর ফেরত্ বা সোশ্যাল সিকিউরিটির পেমেন্টগুলিও কেটে নেওয়া হতে পারে।

## আপনার পেমেন্ট শুরুর তারিখটি মনে রাখুন যাতে আপনি কোনো পেমেন্ট বাদ না দিয়ে ফেলেন।

ফেডারেল স্টুডেন্ট লোন এবং কিছু বেসরকারী স্টুডেন্ট লোন আপনাকে স্কুলে থাকাকালীন এবং স্নাতক হওয়ার পরে ছয় মাস অবধি পেমেন্ট স্থগিতকরণের সুবিধা দেয়। এটি অনুগ্রহ পর্ব নামে পরিচিত। পেরেন্ট প্লাস লোনের মত কিছু ঋণের ক্ষেত্রে, ঋণ মঞ্জুর করার পরে যত শীঘ্র সম্ভব অর্থ পরিশোধ শুরু করতে হয়। পেরেন্ট প্লাস লোন সম্পর্কিত বিভাগগুলি দেখুন।

***গুরুত্বপূর্ণ:*** ভর্তুকিহীন ফেডারেল লোনের মত কিছু ঋণের ক্ষেত্রে, আপনি স্কুলে থাকার সময় এবং এই অনুগ্রহ পর্ব চলাকালীনই সুদ জমা হতে পারে। *ভর্তুকিপ্রাপ্ত* ঋণগুলিতে আপনি স্কুলে থাকার সময় বা এই অনুগ্রহ পর্ব চলাকালীন সুদ জমা হয় না।

# নিখরচায় সহায়তা

**কলেজ গোল NY (College Goal NY)-এর সাথে ফ্রী অ্যাপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড সম্পূর্ণ (FAFSA) করে নিখরচায় সহায়তা পান**

অনুষ্ঠানের অবস্থানের তালিকা দেখার জন্য collegegoal.ny.gov-এ যান।

**NYC ফিন্যান্সিয়াল এমপাওয়ারমেন্ট সেন্টারে নিখরচায় পেশাদার আর্থিক উপদেশ পান**

সাক্ষাত্কার নিতে: nyc.gov/TalkMoney-তে যান | 311-তে কল করুন

NYC ফিন্যান্সিয়াল এমপাওয়ারমেন্ট সেন্টারগুলি কম্যুনিটি-নির্ভর সংস্থার সহযোগিতায় ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যান্ড ওয়ার্কার প্রোটেকশন কর্তৃক পরিচালিত। কাউন্সেলররাও প্রয়োজনমত অলাভজনক আইনি পরিষেবার কাছে সুপারিশ করতে পারে।

## সংস্থান

কলেজ বোর্ড: bigfuture.collegeboard.org/pay-for-college/financial-aid-awards
কলেজ নেভিগেটর: nces.ed.gov/collegenavigator
কলেজ স্কোরকার্ড: collegescorecard.ed.gov
কনজিউমার ফিন্যান্সিয়াল প্রোটেকশন ব্যুরো (Consumer Financial Protection Bureau, CFPB): consumerfinance.gov
ফেডারেল স্টুডেন্ট এইড (U.S. শিক্ষাবিভাগের অংশ): studentaid.gov
ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর কলেজ অ্যাডমিশন কাউন্সেলিং : nacacnet.org/student
নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন (Higher Education Services Corporation, HESC): hesc.ny.gov
U.S. শিক্ষা বিভাগ: studentaid.gov/understand-aid/types/loans/federal-vs-private

NYC Consumer and Worker Protection